

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الفصل الثالث

আরবী

عَن وهب بن مُنَبّه قِيلَ لَهُ: أَلَيْسَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ مِفْتَاحُ الْجَنَّةِ قَالَ بَلَى وَلَكِنْ لَيْسَ مِفْتَاحُ إِلَّا لَهُ مَفْتَاحُ الْجَنَّةِ قَالَ بَلَى وَلَكِنْ لَيْسَ مِفْتَاحُ إِلَّا لَهُ أَسْنَانٌ فَتَحَ لَكَ وَإِلَّا لَمْ يَفْتَحْ لَكَ. رَوَاهُ الْبُخَارِيُّ فِي إِلَّا لَهُ أَسْنَانٌ فَتَحَ لَكَ وَإِلَّا لَمْ يَفْتَحْ لَكَ. رَوَاهُ الْبُخَارِيُّ فِي تَرْجَمَة بَاب

বাংলা

৪৩-[৪২] ওয়াহব ইবনু মুনাব্বিহ (রহঃ) হতে বর্ণিত। তাকে জিজ্ঞেস করা হলো, ''লা- ইলা-হা ইল্লাল্লা-হ'' (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই)- এ বাক্য কি জান্নাতের চাবি নয়? তিনি (ওয়াহব) বললেন, নিশ্চয় (এটা চাবি)! কিন্তু প্রত্যেক চাবির মধ্যেই দাঁত থাকে। তুমি যদি দাঁতওয়ালা চাবি নিয়ে যাও তবেই তো তোমার জন্য (জান্নাতের দরজা) খুলে দেয়া হবে, অন্যথায় তা তোমার জন্য খোলা হবে না। (ইমাম বুখারী তাঁর 'তারজামাতুল বাব' গ্রন্থে উল্লেখ করেছেন)[1]

English

Chapter - Section 3

Wahb b. Munabbih, on being asked whether 'There is no god but God' was not the key of paradise, said, "Yes, but every key has wards. If you bring a key with wards the door will be opened for you, otherwise I it will not."

Bukhari transmitted it in a chapter heading.

ফুটনোট

[1] সহীহ: ফাতহুল বারী ১/৪১৭; ইমাম বুখারী হাদীসটি সানাদ ছাড়াই উল্লেখ করেছেন।

ব্যাখ্যা



ব্যাখ্যা: "লা- ইলা-হা ইল্লাল্লা-হ জান্নাতের চাবী" তবে কেউ যেন এ ধোঁকায় পতিত না হয় যে, শুধুমাত্র এ কালিমাহ্ পাঠ করলেই তার জন্য জান্নাতের দরজা খুলে দেয়া হবে। আর কোন 'আমল ছাড়াই প্রথম শ্রেণীর জান্নাতীদের সাথে সে জান্নাতে প্রবেশ করবে। প্রত্যেক চাবীরই দাঁত থাকে যা দ্বারা দরজা খোলা যায়? অতএব তুমি যদি এমন চাবী নিয়ে আসতে পারো যাতে দাঁত আছে তাহলেই দরজা খুলবে। আর দাঁত দ্বারা উদ্দেশ্য এমন সৎ 'আমল যার সাথে কোন অসৎ 'আমল মিশ্রিত থাকবে না। এ হাদীসে সৎ 'আমলকে চাবীর দাঁতের সাথে তুলনা করা হয়েছে। আর যদি দন্তহীন চাবী নিয়ে আসো তাহলে তোমার জন্য দরজা খোলা হবে না। ফলে তুমি প্রথম শ্রেণীর লোকেদের সাথে জান্নাতেও প্রবেশ করতে পারবে না। আর এটা অধিকাংশের বেলায় প্রযোজ্য। আর সঠিক কথা হলো কাবীরাহ্ (কবিরা) গুনাহে জড়িত ব্যক্তি আল্লাহর ইচ্ছাধীন। এটাই আল্ জামা'আত-এর অভিমত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ওয়াহাব ইবনু মুনাব্বিহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন